গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**"দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ২৯ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : এস এম এনামুল কবির,
(যুগ্মসচিব)
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

সভার স্থান : মিনি কনফারেন্স রুম, লেভেল ০৭ (৮ম তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

সভার তারিখ : ২৯ এপ্রিল, ২০২১

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট "ক" সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার আলোচ্য বিষয় উপস্থাপনার জন্য সদস্য-সচিব-কে অনুরোধ জানান।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.ন. | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | গত ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যসম্পাদন কৌশল ও এর বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ কার্যসম্পাদন কৌশল বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (সকল)/ উপপরিচালক (সংশ্লিষ্ট) |
| ২. | নতুন উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান | উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতি বছর মে মাসের মধ্যে প্রতিটি ইউং থেকে নূন্যতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা, ০১টি ডিজিটাল সেবা ও ০১টি সেবা সহজিকরণের প্রস্তাব ইনোভেশন টীমের নিকট প্রেরণ করার জন্য সকলকে পুনরায় অনুরোধ জানানো হয়।<br>সিদ্ধান্ত: আগামী ২৫ মে এর মধ্যে প্রতিটি ইউং থেকে নূন্যতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা, ০১টি ডিজিটাল সেবা ও ০১টি সেবা সহজিকরণের প্রস্তাব ইনোভেশন টীমের নিকট প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল) |
| ৩. | উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত নূন্যতম ০১টি উদ্ভাবন প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। কোভিড-১৯ এর কারণে এ বছর এখনও এ ধরণের আয়োজন করা যায়নি।<br>সিদ্ধান্ত: মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবন প্রদর্শনী আয়োজন করা হলে অংশগ্রহণ করতে হবে। | পরিচালক (সকল)/ ইনোভেশন টীম |
| ৪. | নতুন উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | এ বছরের নতুন উদ্ভাবনী উদ্যোগ Emergency Operational Dashboard (EOD) আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। WFP কর্তৃক যখন EOD দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে হস্তান্তর করা হবে তখন প্রশাসন শাখা ০১টি অফিস আদেশ জারীর মাধ্যমে এটি আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করবেন। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১০-০৬-২০২১ খ্রি এর মধ্যে এটি বাস্তবায়ন করতে হবে।<br>সিদ্ধান্ত: Emergency Operational Dashboard টি WFP কর্তৃক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে হস্তান্তর করার পর প্রশাসন শাখা থেকে আগামী ১০.০৬.২০২১ খ্রি. এর মধ্যে এটি আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন-১) |

| ক্র.ন. | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ৫. | সেবা সহজিকরণ | সভায় জানানো হয় যে এই কর্মকান্ডটি ইতোমধ্যে পাইলটিং করা হয়েছে। উল্লেখ্য যে, নূন্যতম একটি সেবা সহজিকরণের বিষয়ে যানবাহন শাখা থেকে "অধিযাচন পত্রের মাধ্যমে অফিস কাজে যানবাহন ব্যবহার সংক্রান্ত সেবা সহজিকরণ" নামক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সেবাটি পাইলটিং এর লক্ষ্যে এ অধিদপ্তরের অধিযাচন পত্রের মাধ্যমে যানবাহন ব্যবহারকারী কর্মকর্তাদের নিকট হতে নতুন তৈরিকৃত অধিযাচন পত্রের মাধ্যমে (Website এ আপলোডকৃত) গত ০৭/০২/২০২১ তারিখে পাইলটিং করা হয়। পরবর্তীতে গত ০৯/০২/২০২১ তারিখে অফিস আদেশের মাধ্যমে এ সেবাটি সেবা সহজিকরণ হিসেবে শুরু করা হয়।<br>সিদ্ধান্ত : এ সেবাটি প্রদানের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/উপপরিচালক (প্রশাসন-২)/সহকারী পরিচালক (যানবাহন) |
| ৬. | উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান | প্রণোদনার বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। প্রতি বছর উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার (প্রণোদনা) প্রদানের বিষয়টির উপর গুরুত্ব দেয়া হয়।<br>সিদ্ধান্ত: প্রতি বছর উদ্ভাবকগণকে প্রশংসাসূচক প্রণোদনা প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন-১/২) |
| ৭. | ইনোভেশন টীমের সভা অনুষ্ঠান | ইনোভেশন টিমের পরবর্তী সভা মে মাসে সম্পন্ন করার বিষয়ে সকলে একমত পোষন করেন।<br>সিদ্ধান্ত : ইনোভেশন টিমের পরবর্তী সভা মে মাসের ২য় পাক্ষিকে অনুষ্ঠিত হবে। | ইনোভেশন টিম |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২০২১

(এস এম এনামুল কবির)
(যুগ্ম-সচিব)
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
ও
সভাপতি
ইনোভেশন টিম
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোন : ৯৮৫৯৬৩৭
ই-মেইল : enamul15723@gmail.com

স্মারক নং-৫১.০১.০০০০.০৩৫.০৬.০১৬.২০- ১৭৬ তারিখ: ০৬/০৫/২০২১ খ্রিঃ।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। উপসচিব (আইন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৬। জনাব নাজনীন শামীমা, ডিআরআরও, প্রধান কার্যালয় (সংযুক্ত),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (জিআইএস/যানবাহন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস নথি।

৬/৫/২০২১

(নিতাই চন্দ্র দে সরকার)
উপপরিচালক (প্রশিক্ষণ)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।